"মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯" উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : নাজিয়া শিরিন
জেলা প্রশাসক, নীলফামারী।

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

তারিখ : ০৬/০৩/২০১৯ খ্রি.।

সময় : বিকাল ০৩.০০ টা

উপস্থিত কর্মকর্তা/বিশিষ্ট ব্যক্তিবর্গের নাম, পদবী স্বাক্ষরের ক্রমানুসারে পরিশিষ্ট -ক- তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা ও তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং যে সকল বীর সেনানী বেঁচে আছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৫/০২/২০১৯ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০১৯-১৯ নং স্মারকমূলে প্রাপ্ত মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী ও প্রণীত জাতীয় কর্মসূচি সভায় পাঠ করে শোনান। তিনি বিগত মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষে জেলা পর্যায়ে পালিত কর্মসূচি পাঠ করেন। সভাপতি মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯ যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে সফলভাবে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে জেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচি প্রণয়ন ও তা যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলের মতামত ও পরামর্শ আহবান করেন। উপস্থিত গণ্যমান্য ব্যক্তি ও কর্মকর্তাগণ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে আলোচনায় অংশগ্রহণ করেন এবং মতামত ব্যক্ত করেন।

অতঃপর জাতীয় কর্মসূচির আলোকে সভায় উপস্থিত সকলের মূল্যবান মতামতের ভিত্তিতে "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯" যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্ত গৃহীত হয়:

"মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯" উদযাপন সংক্রান্ত কর্মসূচি

ক্রঃ নং	তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
০১।	২৬/০৩/১৯খ্রি.	জেলা শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ ও গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বে-সরকারি ভবন/ স্থাপনাসমূহে আলোকসজ্জা।(২৬/০৩/২০১৯ সন্ধ্যা থেকে)	শহরের প্রধান প্রধান সড়ক ও গুরুত্বপূর্ণ ভবনসমূহ	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ মেয়র, নীলফামারী পৌরসভা।
০২।	২৬/০৩/১৯ প্রত্যুষে	৩১ (একত্রিশ) বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শুভ সূচনা	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	০১। পুলিশ সুপার, নীলফামারী ০২। আর আই, পুলিশ লাইন, নীলফামারী
০৩।	২৬/০৩/১৯ সূর্যোদয়ের সাথে সাথে	মহান শহীদদের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনার্থে পুষ্পস্তবক অর্পণ	স্বাধীনতা স্মৃতি অম্লান, চৌরঙ্গী, নীলফামারী	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৪।	২৬/০৩/১৯ সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন	সংশ্লিষ্ট সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনের মালিকগণ/গণপূর্ত বিভাগ
০৫।	২৬/০৩/১৯ সকাল ৮.৩০ টা	জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন। বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার ও ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কারারক্ষী, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, বাংলাদেশ স্কাউটস, রোভার স্কাউট, গার্লস গাইড, কাবদল, রেড ক্রিসেন্ট সদস্য, সরকারি শিশু পরিবার, শিশু কিশোর সংগঠন সমূহের সমাবেশ ও কুচকাওয়াজ অনুষ্ঠান	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপ-কমিটি

০৬।	২৬-০৩-১৯ সকাল ৯.০০ টা	বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠন কর্তৃক প্রেরিত দলগুলোর শারীরিক কসরত প্রদর্শন	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৭।	২৬-০৩-১৯ সকাল ১০.০০ টা	বীর মুক্তিযোদ্ধা, সুধীজন, প্রতিবন্ধী ও ছাত্র-ছাত্রীদের ক্রীড়ানুষ্ঠান ক) বালক: বয়স ১০-১২ বছর পর্যন্ত ৭৫মিটার দৌড় খ) বালক: বয়স ১২-১৬ বছর পর্যন্ত ১০০মিটার দৌড় গ) বালিকা: বয়স ১০-১২ বছর পর্যন্ত ৭৫মিটার দৌড় ঘ) বালিকা: বয়স ১২-১৬ বছর পর্যন্ত ১০০মিটার দৌড় ঙ) বীর মুক্তিযোদ্ধাদের দ্রুত হাঁটা চ) প্রতিবন্ধীদের ট্রাই সাইকেল চালনা ছ) প্রবীণ ব্যক্তিদের দ্রুত হাঁটা: (বয়স ৬০+)	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৮।	২৬-০৩-১৯ সকাল ১১.০০ টা	কুচকাওয়াজ ও খেলাধুলায় অংশগ্রহণকারীদের মধ্যে পুরস্কার বিতরণ	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৯।	২৬-০৩-১৯ সকাল ১১.১০ টা	ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শন	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় ও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়	জেলা তথ্য অফিসার/ প্রধান শিক্ষক, নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়/সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
১০।	২৬-০৩-১৯ সকাল ১২.১০ টা	সিনেমা হলে বিনা টিকেটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচিত্র প্রদর্শনী	মমতাজ মহল টকিজ, নীলফামারী	০১। জেলা তথ্য অফিসার, নীলফামারী ০২। মমতাজ মহল টকিজ কর্তৃপক্ষ
১১।	২৬-০৩-১৯ বাদ যোহর/ সুবিধামত সময়ে	জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এবং মুক্তিযুদ্ধে শহীদ/আত্মদানকারী/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/ প্রার্থনা	সকল মসজিদ/ মন্দির/ গীর্জা/ প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়	১। উপ-পরিচালক ইসলামিক ফাউন্ডেশন ২। সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ৩। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান প্রধান
১২।	২৬-০৩-১৯ দুপুর ০১.৫০ টা	হাসপাতাল, জেলখানা, এতিমখানা ও শিশু পরিবারে উন্নতমানের খাবার পরিবেশন	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান
১৩।	২৬-০৩-১৯ দুপুর ০২.০০ টা	বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা	মুক্তিযোদ্ধা সংসদ নীলফামারী	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৪।	২৬-০৩-১৯ বেলা ০২.৩০ হতে বিকাল ০৪.০০ টা	শিশুদের খেলাধুলা, সংগীত, নৃত্য, চিত্রাংকন প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ	শিশু একাডেমি, নীলফামারী	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা/প্রধান শিক্ষক, নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়, নীলফামারী।
১৫।	২৬-০৩-১৯ বিকাল ০৩.০০ টা	মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা ও খেলাধুলা	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৬।	২৬-০৩-২০১৯ বিকাল ০৩.৩০ টা	লাঠি খেলা	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	মেয়র, নীলফামারী পৌরসভা/চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর/উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/জেলা ক্রীড়া অফিসার/সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, নীলফামারী।
১৭।	২৬-০৩-২০১৯ বিকাল ০৫.০০ টা	প্রীতি ফুটবল প্রতিযোগিতা জেলা প্রশাসন একাদশ বনাম নীলফামারী পৌরসভা একাদশ		